গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রতিষ্ঠান শাখা-১
www.rdcd.gov.bd

স্মারক নম্বর-৪৭.০০.০০০০.০৩৩.১৬.০০৬.১৯.২৯

তারিখঃ ০২ মাঘ, ১৪২৬ / ১৬ জানুয়ারি, ২০২০

বিষয়ঃ **অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ।**

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৮১১.২৭.০৩৫.১৫.২৯, তাং-২০/০৩/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত ডিসেম্বর/২০১৯ মাসের প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০১ (এক) ফর্দ।

১৬/০১/২০২০

(নাহরিন সুলতানা)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬২
E-mail: rdsection4@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃঃ আঃ উপসচিব, অভিযোগ ব্যবস্থাপনা শাখা)

অনুলিপি:

১। উপসচিব (প্রশাসন শাখা-১), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৩। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(প্রতিবেদনটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)**।

অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এর মাসিক প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

মাসের নামঃ ডিসেম্বর/২০১৯

বিবেচ্য মাসে প্রাপ্ত অভিযোগ সংখ্যা			পূর্ববর্তী মাসের জের	মোট অভিযোগ (১+২+৩+৪)	অন্য দপ্তরে প্রেরিত	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ	চলমান অভিযোগ		অভিযোগ নিষ্পত্তির হার (নিষ্পত্তিকৃত × ১০০/(মোট নিষ্পত্তিযোগ্য অভিযোগ))
ওয়েব সাইটের মাধ্যমে	প্রচলিত পদ্ধতিতে	স্বপ্রণোদিত ভাবে গৃহীত					নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি	নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
-	০৩	-	৪৭	৫০	-	০৯	২৬	১৫	১৮%

(ক) নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণঃ

(খ) বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: এর জনাব মো: শাহজাহান খন্দকার, কর্মচারী নং-১৪৪৫, প্রাথমিক শ্রমিক, শ্রীপুর দুগ্ধ কারখানার বিরুদ্ধে (কর্তব্য কাজে চরম অবহেলার দায়ে) বিভাগীয় মামলার অভিযোগ বিবরণীর জবাব এবং ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় লঘুদন্ড হিসাবে আগামী ০১ (এক) বছরের জন্য ০১(এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত করা হয়।

(গ) জনাব মো: আব্দুর রশিদ,কর্মচারী নং-৯৫৬, এমপ্লয়ী গ্রেড-৩, পাংশা দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের বিরুদ্ধে (মানিকগঞ্জ দুগ্ধ কারখানায় নিম্নমানের তরল দুধ সংগ্রহের কারণে) বিভাগীয় মামলার অভিযোগ বিবরণীর জবাব এবং ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় লঘুদন্ড হিসেবে তিরস্কার করা হয়।

(ঘ) জনাব মো: আলীমুন নবী, কর্মকর্তা নং-১৫১, উপব্যবস্থাপক (অর্থ ও হিসাব), প্রধান কার্যালয় এর বিরুদ্ধে (মানিকগঞ্জ দুগ্ধ কারখানায় নিম্নমানের তরল দুধ সংগ্রহের কারণে) বিভাগীয় মামলার অভিযোগ বিবরণীর জবাব এবং ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় লুঘুদন্ড হিসেবে তিরস্কার করা হয়।

(ঙ) জনাব মুহাম্মদ মকবুল হোসেন, সহকারী ব্যবস্থাপক, কর্মকর্তা নং-২৫২, উৎপাদন বিভাগ, ঢাকা দুগ্ধ কারখানাকে কাপ দধিতে তারিখ ভুল প্রিন্ট করার কারণে সতর্কীকরণ করা হয়।

(চ) জনাব মো: জয়নাল আবেদীন, কর্মকর্তা নং-৩১৪, জুনিয়র অফিসার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, মানিকগঞ্জ দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের বিরুদ্ধে (ফকিরহাট দুগ্ধ কারখানার ৪৭টি সমিতি নিবন্ধন না করার কারণে) বিভাগীয় মামলার অভিযোগ বিবরণীর জবাব এবং ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় লুঘুদন্ড হিসেবে তিরস্কার করা হয়।

(ছ) জনাব মো: সুমন হোসাইন, কর্মকর্তা নং-৯৩৭, ওয়ার্কার গ্রেড-২, বিপণন বিভাগ, ঢাকা দুগ্ধ কারখানার বিরুদ্ধে (উর্ধ্বতন কর্মকর্তার আদেশ অমান্য করার দায়ে) বিভাগীয় মামলার অভিযোগ বিবরণীর জবাব এবং ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় লুঘুদন্ড হিসেবে তিরস্কার করা হয়।

(জ) জনাব সাইফুল ইসলাম খান, পিতা: মোশারফ হোসেন খান, মাতা: রহিমা বেগম, প্রশাসন ও মানব সম্পদ বিভাগ, প্রধান কার্যালয়ের বিরুদ্ধে কাশিয়ানী দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রে শৃঙ্খলা ভঙ্গের কারণে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন সন্তোষজনক হওয়ায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হয়।

(ঝ) ডা: মো: আনিছুর রহমান, কর্মকর্তা নং-২৫৬, তালা দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের বিরুদ্ধে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনে কারখানায় গেইট এন্ট্রির ব্যবস্থা না থাকায় এবং ল্যাবের কার্যক্রম সঠিকভাবে তদারকি না হওয়ায় তাকে সতর্কীকরণ করা হয়।

(ঞ) জনাব মো. রবিউল ইসলাম, মাঠ সংগঠক, হাকিমপুর, দিনাজপুর, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর বিরুদ্ধে অভিযোগ প্রাপ্তির পরই তাকে অন্যত্র বদলী করা হয় এবং ০৩ সদস্য বিশিষ্ট কমিটির দ্বারা অভিযোগ তদন্ত করে সত্যতা না পাওয়ায় সংশ্লিষ্ট ব্যক্তিকে অব্যাহতি প্রদান করা হয়।

(ট) ডিসেম্বর/২০১৯ পর্যন্ত সময়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিবালয় অংশে কোন অনিষ্পন্ন অভিযোগ নেই। বর্তমানে এ বিভাগের আওতাধীন সমবায় অধিদপ্তরের ১৫টি, বাংলাদেশ দুগ্ধ উৎপাদকারী সমবায় ইউনিয়ন লিমিটেড এর ৩০টি এবং পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ২টিসহ সর্বমোট ৪৭টি অভিযোগ অনিষ্পন্ন রয়েছে।

০১/১/২০২০

(নাহরিন সুলতানা)
সহকারী সচিব